

০৬/০১/২০২২ খ্রিঃ তারিখ উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার সভাপতি : জনাব নাসিমা সাদেক  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।  
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, কেশবপুর, যশোর।  
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর “পরিশিষ্ট” ক

অধ্যকার সভায় সভাপতিত্ব করেন, জনাব নাসিমা সাদেক, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর। সভার শুরুতে সভাপতি মহোদয় সকল সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচ্য সূচীঃ ১) গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।  
২) কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ১২ টি ক্লাবের কার্যক্রম তদারকি করণ।  
৪) বিবিধ।

অতঃপর কমিটির সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে সভায় জানান যে, কেশবপুর উপজেলায় ১২ টি কিশোর কিশোরী ক্লাব এর কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। তাতে ৩৬০ জন কিশোর কিশোরী সদস্য হিসাবে আছে। তারা জেল্ডার বিষয়ক সচেতনতা সহ আবৃত্তি ও সংগীত বিষয় ক্লাসের মাধ্যমে উভয় বিষয়ে পারদর্শি হয়ে উঠেছে। ১২ টি ক্লাব ৩ জন জেল্ডার প্রোমোটর ও ২৪ জন আবৃত্তি ও সংগীতের শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে।

মহিলা প্রশিক্ষণ কেন্দ্র-২০২১-২০২২ অর্থ বৎসরে মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশিক্ষক দ্বারা ৩০ জন বেকার, দুঃস্থ ও অসহায় মহিলাকে তিন মাস ব্যাপী দর্জি, সেলাই ও হস্ত শিল্পের উপর প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং তাদেরকে হাজিরার ভিত্তিতে ১০০/-টাকা করে ভাতা প্রদান করা হয়।


ভিজিডি কেশবপুর উপজেলায় ১১টি ইউনিয়নে ২০২১-২০২২ চক্রে ২৫৮৩ জন নতুন উপকারভোগীকে নির্বাচন করা হয়েছে এবং তাদেরকে নিয়মিত খাদ্যশস্য প্রদান করা হচ্ছে এবং এনজিওর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় জমা নেওয়া হচ্ছে।

মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য আয়বর্ধক প্রকল্প (আইজিএ) এর মাধ্যমে দুইটি ট্রেডে (৫০+৫০)=১০০ জন মহিলাকে বিউটিফিকেশন ও ফ্যাশন ডিজাইন কোর্সে তিন মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয় এবং তাদেরকে হাজিরার ভিত্তিতে ২০০/-টাকা করে ভাতা প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ

- ১। কিশোর কিশোরী ক্লাবের মনিটরিং বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। ভিজিডি উপকারভোগীদের নিয়মিত খাদ্যশস্য প্রদান ও প্রশিক্ষণ মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ শেষে যাতে উদ্যোক্তা হতে পারে সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর।



( নাসিমা সাদেক )

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি  
কেশবপুর, যশোর।